

ফতওয়া নং ২৯৫

প্রশ্ন:

হযরত আমি জানতে চাই আমার রমজান মাসের কিছু রোজা কাজ আছে, এই কাজা রোজাটা যদি আমি শবেবরাত কিংবা মহরমের আশুরার দিন কাঁজা রোজা টা আদায় করি তাহলে কি ফরজ রোজাটি আদায় করা যাবে? এবং সেই সাথে সাথে আশুরা রোজার যে শওয়াব সেই শওয়াব পাবো না শওয়াব থেকে বঞ্চিত থাকবো ?

উত্তর:

আপনি আশুরা কিংবা শবে বরাতের দিনে কাযা রোযা রাখতে পারেন। এর দ্বারা কাযা রোযা নিশ্চিত আদায় হয়ে যাবে। এবং উক্ত দিনে রোযা রাখার ফযীলতও কিছু বিদ্বানের মত অনুযায়ী পেয়ে যাবেন। (শরহে আশবাহ্...১/৬৬)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)